

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১১.১৭.

তারিখ: ০৬ চৈত্র ১৪২৪
২০ মার্চ ২০১৮

জ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব আবু বকর মজুমদার, সহযোগী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি ফজিলাতুলেছা মহিলা কলেজ, ভোলা এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি নোটিশের জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় বিধি অনুযায়ী তার বিরুদ্ধে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার স্ত্রী মিসেস আমেনা বেগম-কে নিবন্ধহীন অবস্থায় অস্থায়ীভাবে চট্টগ্রাম মডেল স্কুল এন্ড কলেজের সহকারি শিক্ষক (রাসায়ন) পদে নিয়োগের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হওয়ায় তাকে বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব আবু বকর মজুমদার, সহযোগী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি ফজিলাতুলেছা মহিলা কলেজ, ভোলা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি অনুযায়ী তার বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ১৪.০৩.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১১.১৭. ৯৫৪/১ (৫)

তারিখ: ০৬ চৈত্র ১৪২৪
২০ মার্চ ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব আবু বকর মজুমদার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, সরকারি ফজিলাতুলেছা মহিলা কলেজ, ভোলা।
- ৫। উপপরিচালক, ফরম ও প্রকাশন অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ভোলা।
- ৮। জনাব আবু বকর মজুমদার, সহযোগী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), সরকারি ফজিলাতুলেছা মহিলা কলেজ, ভোলা।


২০/০৬/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬